



BGD e-GOV CIRT

বিজিডি ই-গভ সার্ট  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, প্লট# ই-১৪/এক্স, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭  
Site: www.cirt.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### দেশের সাইবার নিরাপত্তা ব্যবস্থায় দক্ষ জনবল তৈরীতে সাইবার ড্রিল

দেশের সাইবার নিরাপত্তা নিশ্চিতকল্পে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর বিধান অনুযায়ী বাংলাদেশ কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (BGD e-GOV CIRT) গঠন করা হয়েছে। সরকারের গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহে তথ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বিজিডি ই-গভ সার্ট।

২০২১ সালে বাংলাদেশের ৫০তম বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বিজিডি ই-গভ সার্ট ধারাবাহিকভাবে তিনটি সাইবার ড্রিল আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে। সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি ও সাইবার নিরাপত্তার ধারণা দেওয়ার জন্য আগামী ২৩-২৪ আগস্ট ২০২১ তারিখে দুইদিন ব্যাপী একটি সাইবার ড্রিল আয়োজন করা হবে। আর্থিক প্রতিষ্ঠানের সাইবার ইনসিডেন্ট হ্যান্ডেলিং দক্ষতা বৃদ্ধির জন্য আগামী ২৩শে অক্টোবর ২০২১ তারিখ দিনব্যাপী Cyber Drill 2021 আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও 'ডিজিটাল বাংলাদেশ দিবস' উপলক্ষ্যে আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয় পর্যায়ে National Cyber Drill 2021 আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সাইবার ড্রিলে অংশগ্রহণের বিস্তারিত তথ্য BGD e-GOV CIRT- এর ওয়েবসাইট [www.cirt.gov.bd](http://www.cirt.gov.bd) -এ প্রকাশ করা হয়েছে।

এ সাইবার ড্রিলের সার্বিক সহায়তা ও তত্ত্বাবধানে থাকবে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (DSA) এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

তারেক এম. বরকতউল্লাহ

প্রকল্প পরিচালক, বিজিডি ই-গভ সার্ট।  
পরিচালক, জাতীয় ডাটা সেন্টার